

তারিখ: 15/09/2015

নভেম্বর 28-29 তারিখে অনুষ্ঠিতব্য ন্যাশনাল ফিন্যান্সিয়াল লিটারেসি অ্যাসেসমেন্ট টেস্ট 2015-2016

ন্যাশনাল সেন্টার ফর ফিন্যান্সিয়াল এডুকেশন (এনসিএফই) নভেম্বর 28 এবং 29, 2015 তারিখে 2015-2016 সালের ন্যাশনাল ফিন্যান্সিয়াল লিটারেসি অ্যাসেসমেন্ট টেস্ট (এনসিএফই-এনএফএলএটি 2015-16) পরিচালনা করবে। VIII থেকে X শ্রেণী পর্যন্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা পরীক্ষাটিতে অংশগ্রহণ করতে পারবে।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ সিকিউরিটিজ মার্কেটস (এনআইএসএম)-কে ন্যাশনাল স্ট্রাটেজি ফর ফিন্যান্সিয়াল এডুকেশন (এনএসএফই) বাস্তবায়িত করার জন্য দায়িত্বপ্রাপ্ত সংস্থা(নোডাল এজেন্সি) হিসাবে চিহ্নিত করা হয়েছে। ভারতবর্ষের আর্থিক ক্ষেত্র নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহের সবকটি যথা ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই), সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া(সেবি), ইনসুরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া(আইআরডিএআই), পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি(পিএফআরডিএ)এবং ফরোয়ার্ড মার্কেটস কমিশন (এমএমসি)-এদের সহায়তায় পারস্পরিক সহযোগিতার মাধ্যমে আর্থিক সাক্ষরতা এবং অন্তর্ভুক্তি-কে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে ন্যাশনাল সেন্টার ফর ফিন্যান্সিয়াল এডুকেশন (এনসিএফই)-এর স্থাপনা করা হয়।

এনএসএফই-র ন্যাশনাল ফিন্যান্সিয়াল লিটারেসি অ্যাসেসমেন্ট টেস্ট (এনসিএফই-এনএফএলএটি) হল আর্থিক সাক্ষরতা এবং আর্থিক অন্তর্ভুক্তি-র দিশায় একটি পদক্ষেপ। জাতীয় স্তরে পরীক্ষা পরিচালনার মাধ্যমে, এনসিএফই-র সঙ্গত বিদ্যালয়ের(VIII থেকে X শ্রেণীর) ছাত্রছাত্রীদের ফিন্যান্স-এর ধারণা সম্পর্কে শিক্ষাগ্রহণে উদ্বুদ্ধ করা এবং একই সাথে তাঁদের আর্থিক সচেতনতার মাত্রা অনুধাবন করা, যাতে জীবনে চলার পথে গুরুত্বপূর্ণ নৈপুণ্যের শিক্ষা প্রাপ্তি করে দেওয়া যায় যা পরবর্তী ক্ষেত্রে বিচক্ষণ আর্থিক সিদ্ধান্ত গ্রহণের দিকে চালিত করবে।

সময়সূচী

এনসিএফই-এনএফএলএটি-র জন্য রেজিস্ট্রেশন শুরু হয়ে গিয়েছে সেপ্টেম্বর 1, 2015 তারিখ থেকে এবং তা কেবলমাত্র বিদ্যালয় মারফতই গ্রহণ করা হবে। বিদ্যালয়গুলি <http://www.ncfeindia.org/nflat> -এখানে নিজেদেরকে নথিভুক্ত(এনরোল) করতে পারে।

অন্য গুরুত্বপূর্ণ তারিখসমূহ:

বিবরণ	তারিখ
রেজিস্ট্রেশন শুরু	সেপ্টেম্বর 1, 2015
রেজিস্ট্রেশন বন্ধ	অক্টোবর 17, 2015
পরীক্ষা	নভেম্বর 28 ও 29, 2015
ফলাফল	ডিসেম্বর 16, 2015

পরীক্ষার সময়সীমা 60 মিনিট যার মধ্যে ছাত্রছাত্রীদের 75টি প্রশ্নের উত্তর দিতে হবে। পরীক্ষাটি ইংরেজি এবং হিন্দি উভয় ভাষায় নেওয়া হবে এবং ফিনান্স-এর বুনিয়েদি ধারণা সম্পর্কিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে। বিষয়সমূহের পাঠক্রম <http://www.ncfeindia.org/nflat> -এ পাওয়া যাবে।

পরীক্ষাটি নিঃশব্দ এবং রেজিস্ট্রেশন ‘আগে আসলে আগে পাবেন’(ফাস্ট কাম ফাস্ট সার্ভ)-ভিত্তিক।

পুরস্কার

বিদ্যালয়ের জন্য:

প্রথম 30টি বিদ্যালয়কে পুরস্কার হিসাবে 25000/-টাকা নগদ পারিতোষিক তার সাথে ট্রফি/শিল্ড প্রদান করা হবে।

ছাত্রছাত্রীদের জন্য:

এনসিএফই-এনএফএলএটি পরীক্ষার বিজয়ীগণ ল্যাপটপ, ট্যাবলেট, মেডেল, নগদ পারিতোষিক এবং শংসাপত্রের সাথে সংবর্ধিত হবেন।

বেশী বিস্তারিত জানতে দেখুন এনসিএফই ওয়েবসাইট : - <http://www.ncfeindia.org/nflat>

আরও প্রশ্ন/তথ্যের অনুগ্রহ করে যোগাযোগ করুন -

ন্যাশনাল ইনস্টিটিউট অফ সিক্যুরিটিজ মার্কেটস, এনআইএসএম ভবন, প্লট নং 82, সেক্টর-17, ভাশি, নভি মুম্বই- 400703, দূরভাষ: 022- 66735100-05 |ফ্যাক্স: 022-66735100-05 |[ই মেল](http://www.ncfeindia.org), ওয়েবসাইট: www.ncfeindia.org | www.nism.ac.in

অলপনা কিল্লাওয়ালা
প্রধান মূখ্য মহাপ্রবন্ধক

প্রেস রিলিজ: 2015-2016/677